

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
প্রশাসন ও অর্থ বিভাগ
জাতীয় স্কাউট ভবন (১২ ও ১৩তম তলা)৬০, আঞ্জুমান
মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০।
www.jamuka.gov.bd

স্মারক নম্বর: ৪৮.০২.০০০০.০০১.২১.০০৭.১০.৩

তারিখ: ১০ কার্তিক ১৪২৪

২৫ অক্টোবর ২০১৭

বিষয়: জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের নিয়োগ প্রবিধানমালার খসড়া প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের নিয়োগ প্রবিধানমালার খসড়া সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্রসাথ প্রেরণ করা হ'ল।

সংযুক্তি: ০৫(পাঁচ) ফর্দ।

২৫-১০-২০১৭

মো: মিজানুর রহমান
মহাপরিচালক

সচিব

সচিবের দপ্তর

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
প্রজ্ঞাপন

তারিখ :.....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ

১।	শিরোনাম	ঃ এই বিধিমালা 'জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল (গেজেটেড ও নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৭' নামে অভিহিত হইবে।
২।	সংজ্ঞা	ঃ বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়- (ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন; (খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল (গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যেকোন কর্মকর্তা (ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ (ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ কোন পদের জন্য তফসিলে উল্লিখিত কোন যোগ্যতা (চ) "শিক্ষানবিশ" অর্থ কোন পদে শিক্ষানবিশ হিসেবে নিযুক্ত কোন ব্যক্তি (ছ) "সিজিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং (জ) "স্বীকৃত ইন্সটিটিউট" বা "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন ইন্সটিটিউট বা বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন ইন্সটিটিউট বা বিশ্ববিদ্যালয় বা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে। (ঝ) "বিভাগীয় প্রার্থী" অর্থ জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা কর্মচারী।
৩।	নিয়োগ পদ্ধতি	(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে; যথাঃ- (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; (খ) পদোন্নতির মাধ্যমে; এবং (গ) প্রেষণে বদলীর মাধ্যমে। (২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে উল্লিখিত বয়ঃসীমার মধ্যে না হয় : তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতোপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাঁহার ক্ষেত্রে প্রযোজ্য সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যাইতে পারে।
৪।	সরাসরি নিয়োগ	(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না। (২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না। (৩) উপ-বিধি (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, বাছাই বা নির্বাচন কমিটি, লিখিত, মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার ভিত্তিতে, সুপারিশ প্রণয়ন করিবে। (৪) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি (ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশে ডমিসাইল না হন; (খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন। (৫) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি-


২৪/০৭/১৭

